গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম
www.nageshwari.kurigram.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৪৯৬১.০০০.০২.০৬৭.২৪. ৮৯৬ তারিখ : ১০ শ্রাবণ, ১৪৩১ / ২৫ জুলাই, ২০২৪

বিষয় : উপজেলা পরিষদ মাসিক সভা অনুষ্ঠান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ৩১ জুলাই ২০২৪ বেলা ১২.০০ ঘটিকায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রামের সভাপতিত্বে উপজেলা পরিষদ সভাকক্ষে জুলাই/২০২৪ মাসের উপজেলা পরিষদ মাসিক সভা অনুষ্ঠিত হবে। আপনাকে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, বিবেচ্য সভায় উপস্থাপনযোগ্য কোন আলোচ্য বিষয় থাকলে সভা অনুষ্ঠানের পূর্বে তা লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

২৫/০৭/২৪

(সিব্বির আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম
টেলিফোন: ০২৫৮৮৮৭৭৮০১
মোবাইল: ০১৭৭৪৪৩৪২৫৫
ই-মেইল: unonageswari@mopa.gov.bd

জনাব.................................................................
.........................................................................
নাগেশ্বরী, কুড়িগ্রাম

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে-

১. মাননীয় সংসদ সদস্য, ২৫ কুড়িগ্রাম-১
২. জেলা প্রশাসক, কুড়িগ্রাম
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম
৪. মেয়র, নাগেশ্বরী পৌরসভা, নাগেশ্বরী, কুড়িগ্রাম
৫. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম
৬. অফিস নথি।

# উপজেলা পরিষদ মাসিক সভায় সদস্যগণের উপস্থিতি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

**তারিখ-৩১/০৭/২০২৪**

| ক্রঃ নং | পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | | | |
| ২. | | | |
| ৩. | উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ৪. | মেয়র, নাগেশ্বরী পৌরসভা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ৫. | ভাইস চেয়ারম্যান (পুরুষ), উপজেলা পরিষদ নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01796788569 | |
| ৬. | ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ৭. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01914716991 | |
| ৮. | উপজেলা কৃষি অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ৯. | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01728879748 | |
| ১০. | উপজেলা মৎস্য অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01769459758 | |
| ১১. | উপজেলা শিক্ষা অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01469226678 | |
| ১২. | উপজেলা সমাজসেবা অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ১৩. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ১৪. | উপজেলা প্রকৌশলী, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ১৫. | সহকারী প্রোগ্রামার, উপজেলা তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, নাগেশ্বরী, কুড়িগ্রাম। | 01751119073 | |
| ১৬. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01719547592 | |
| ১৭. | উপজেলা সমবায় অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01719547788 | |
| ১৮. | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ১৯. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 0170047162 | |

## উপজেলা পরিষদ মাসিক সভায় সদস্যগণের উপস্থিতি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

**তারিখ-৩১/০৭/২০২৪**

| ক্র: নং | পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ২০. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01746921914 | |
| ২১. | সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01769406539 | |
| ২২. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01716654170 | |
| ২৩. | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ২৪. | ফরেষ্টার, উপজেলা বন বিভাগ, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ২৫. | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স,নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01742737027 | |
| ২৬. | উপজেলা আনসার ভিডিপি অফিসার নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01727-853456 | |
| ২৭. | সহকারী প্রকৌশলী, বিএমডিএ,নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ২৮. | উপসহকারী প্রকৌশলী, বিএডিসি,নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01761760037 | |
| ২৯. | মোঃ আতিকুল ইসলাম, ইউডিএফ, ইউজিডিপি | 01710044967 | |
| ৩০. | উপজেলা পরিসংখ্যান অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01735-107454 | |
| ৩১. | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ৩২. | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, নাগেশ্বরী | | |
| ৩৩. | চেয়ারম্যান, রামখানা ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01774964290 | |
| ৩৪. | চেয়ারম্যান, রায়গঞ্জ ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ৩৫. | চেয়ারম্যান, বামনডাঙ্গা ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ৩৬. | চেয়ারম্যান, বেরুবাড়ী ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ৩৭. | চেয়ারম্যান, সন্তোষপুর ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01719859420 | |
| ৩৮. | চেয়ারম্যান, নেওয়াশী ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01712730105 | |

<u>উপজেলা পরিষদ মাসিক সভায় সদস্যগণের উপস্থিতি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>

**তারিখ-৩১/০৭/২০২৪**

| ক্রঃ নং | পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ৩৯. | চেয়ারম্যান, হাসনাবাদ ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01714290671 | |
| ৪০. | চেয়ারম্যান, ভিতরবন্দ ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ৪১. | চেয়ারম্যান, কালীগঞ্জ ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ৪২. | চেয়ারম্যান, নুনখাওয়া ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01716369713 | |
| ৪৩. | চেয়ারম্যান, নারায়নপুর ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ৪২. | চেয়ারম্যান, বল্লভেরখাস ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01700839920 | |
| ৪৩. | চেয়ারম্যান, কেদার ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01751362666 | |
| ৪৪. | চেয়ারম্যান, কচাকাটা ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ৪৫. | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, নাগেশ্বরী | | |
| ৪৬. | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, নাগেশ্বরী | | |
| ৪৭. | | | |
| ৪৮. | | | |
| ৪৯. | | | |
| ৫০ | | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
নাগেশ্বরী কুড়িগ্রাম

## উপজেলা পরিষদের জুলাই ২০২৪ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব কে এম মহিবুল হক খোকন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম
তারিখ : ৩১ জুলাই ২০২৪
সময় : সকাল ১১.০০ টা
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, নাগেশ্বরী, কুড়িগ্রাম

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা 'পরিশিষ্ট ক' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রামকে অনুরোধ করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরনীতে কোন সংশোধনী না থাকায় উহা সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হয়। এরপর বিভিন্ন বিভাগীয় আলোচনা শুরু করা হয়।

আলোচনাঃ উপজেলা পর্যায়ে বিভিন্ন বিভাগের/দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

আলোচনা ও সিদ্ধান্তঃ

| আলোচ্যসূচি/ প্রস্তাবকারী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। নাগেশ্বরী পৌরসভা | সভায় মেয়র নাগেশ্বরী পৌরসভা জানান যে, তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। মাদকের বিরুদ্ধে সংশ্লিষ্ট সকলকে কঠোর হওয়ার জন্য বিশেষ ভাবে অনুরোধ করেন। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র, নাগেশ্বরী পৌরসভা |
| ২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, তার দপ্তরের নিয়মিত স্বাস্থ্য সেবা প্রদান কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, বর্তমানে হাসপাতালে ডাক্তার সংকট, মাত্র ০৩জন ডাক্তার দিয়ে সেবা প্রদান ব্যহত হচ্ছে। সকলকে সহায়নুভুতির সহিত সৃষ্টি দেওয়ার অনুরোধ করেন। হাসপাতালের অভ্যান্তরে কিছু প্রাইভেট অ্যাম্বুলেন্স ভাড়া নিয়ে তাদের মধ্যে মাঝে মাঝে বিশৃখলার সৃষ্টি হয় এতে হাসপাতালের পরিবেশ নষ্ট হচ্ছে। হাসপাতাল চত্ত্বরে ভাড়ায় চালিত অ্যাম্বুলেন্স গুলো যাতে রাখতে না পারে, এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় অনুরোধ জানান। | হাসপাতাল চত্ত্বরে ভাড়ায় চালিত অ্যাম্বুলেন্স গুলো না রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৩। উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, চলতি মৌসুমে ২৪৩৫০ হেক্টর জমিতে রোপা আমন চাষের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সাম্প্রতিক বন্যায় ৯টি ইউনিয়নের ফসলি জমি প্লাবিত হয়েছে ব্যাপক ক্ষতি হয়েছে। উপজেলা পরিষদ তহবিল হতে ক্ষতিগ্রস্থ কৃষকদের প্রণোদনা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | ক্ষতিগ্রস্থ কৃষক সঠিকভাবে যাচাই-বাছাই করে প্রণোদনা প্রদানের উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১। উপজেলা কৃষি অফিসার<br>২। সংশ্লিষ্ট সকল |
| ৪। উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, বর্ষা মৌসুম দেশিমাছের ডিম ছাড়ার সময়, কিছু মানুষ কারেন্ট জাল দিয়ে মাছ নিধন করছে এর ফলে ব্যাপক ক্ষতি সাধিত হচ্ছে। এবিষয়ে সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। | কারেন্ট জাল দিয়ে দেশি মাছ নিধন করতে না পারে এজন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৫। উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান ছাগল-ভেড়ার বিনামূল্যে টিকা প্রদান কার্যক্রম চলমান আছে। তিনি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ৬। উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান উপজেলার বিভিন্ন ইউনিয়নে উন্নয়নমূলক কাজ চলমান আছে। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ৭। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান, , প্রাথমিক বিদ্যালয় সমূহের শিক্ষার মান নিশ্চিতে নিয়মিত মনিটরিং চলছে। এবিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার |

| আলোচ্যসূচি/ প্রস্তাবকারী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৮। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০। উপজেলা খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১১। উপজেলা সমাজসেবা বিভাগ | সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, অত্র উপজেলা বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতা বরাদ্দ বন্টন অনুযায়ী সুবিধাভোগীর তালিকা মোতাবেক পেরোল প্রেরণ করা হয়েছে। সকল সুবিধাভোগীর মোবাইল ব্যাংকিং মাধ্যমে ভাতার অর্থ প্রদান করা হয়েছে। যাদের মোবাইল ব্যাংকিং নম্বর সমস্যা আছে তারা জাতীয় পরিচয়পত্র ও মোবাইল ব্যাংকিং নম্বরসহ অফিসে যোগাযোগ করলে তা সমাধান করা হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, চলতি অর্থবছরে পর্যায়ের টিআর, কাবিটা ও কাবিখা প্রকল্পের কাজ চলমান আছে। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সকলকে সভায় অনুরোধ জানান। | প্রকল্পসমূহ বাস্তবায়নে সার্বিক তদারকি ও কাজের গুণগত মান বজায় রেখে দ্রুত শেষ করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৩। উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | সহকারী প্রোগ্রামার জানান, সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারী বদলী ও নতুন কর্মকর্তা কর্মচারী যোগদান করেছেন কিন্তু ওয়েব পোর্টালে কর্মকর্তা কর্মচারীর তথ্য হালনাগাদ করা হয়নি। যেসকল দপ্তরের ওয়েবসাইট হালনাগাদ নাই তাদের হালনাগাদ করার জন্য অনুরোধ করেন এবং হালনাগাদের বিষয়ে প্রয়োজনীয় সহায়তা করা হবে। | ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে উপজেলা সহকারী প্রোগ্রামার সার্বিক সহযোগিতা করবেন। | ১। সংশ্লিষ্ট সকল কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৪। উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। ২০২৪-২৫ অর্থ বছরের বরাদ্দ এখন পর্যন্ত পাওয়া যায়নি। বরাদ্দ পাওয়া গেলে তা সভায় উপস্থাপন করা হবে মর্মে জানান। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৫। উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান তার অফিস কক্ষের দরজা-জানালা বেহাল দশা সংস্কার করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য সভায় অনুরোধ জানান। এছাড়া তিনি জানান তার দপ্তরে বিভিন্ন সময়ে আগুন্তক আসেন কিন্তু অফিসে সুপেয় পানির কোন উৎস্য নাই। তাই তিনি তার অফিসের সামনে একটি আয়রণমুক্ত সুপেয় পানির জন্য টিউবওয়েল স্থাপনের জন্য সভায় অনুরোধ করে বক্তব্য শেষ করেন। | অফিস কক্ষ সংস্কার, টিউবওয়েল স্থাপনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৬। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ১৭। কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি নাগেশ্বরী জোনাল অফিস | সহকারী জেনারেল ম্যানেজার, কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি জানান জ্বালানী সংকট জনিত কারণে বিদ্যুৎ উৎপাদনে ঘাটতি মোকাবেলায় সকলকে বিদ্যুৎ সাশ্রয়ে আন্তরিক হওয়ার অনুরোধ জানান। বকেয়া আদায়ের লক্ষ্যে সংযোগ বিচ্ছিন্ন করা হচ্ছে। বকেয়া বিদ্যুৎ বিল আদায়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | বকেয়া বিদ্যুৎ বিল আদায়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। ডি.জি.এম কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি নাগেশ্বরী জোনাল অফিস<br>২। দপ্তর প্রধান (সকল)<br>৩। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৮। উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, উপজেলার আশ্রয়ণ প্রকল্পের সুবিধাভোগীগণের মধ্যে সমবায় সমিতির নিবন্ধন কার্যক্রম ও ঋণ প্রদান এবং আদায় কার্যক্রম চলমান আছে। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |

| আলোচ্যসূচি/ প্রস্তাবকারী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১৯। উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন অফিসার |
| ২০। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। মাঠ পর্যায়ে ঋণ প্রদান ও খেলাপি ঋণ আদায় কার্যক্রম চলমান আছে মর্মে জানিয়ে সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | বকেয়া ঋণ আদায়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ২১। উপজেলা বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| ২২। উপজেলা বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (বিএমডিএ) | সহকারী প্রকৌশলী, বিএমডিএ জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ |
| ২৩। উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| ২৪। উপজেলা বিএডিসি বিভাগ | উপজেলা বিএডিসি কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি নিয়ম বহির্ভূত ভাবে কেউ যাতে সেচ পাম্পের অনুমতি না পায়, সে ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে সচেতন থাকার অনুরোধ জানান। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বিএডিসি কর্মকর্তা |
| ২৫। ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স বিভাগ | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে জানিয়ে সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্টেশন অফিসার |
| ২৬। উপজেলা পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, কিছু দিনের মধ্যে অর্থনৈতিক শুমারি ২০২৩ এর লিস্টিং কার্যক্রম চলমান আছে। বর্ণিত জরিপ কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। | অর্থনৈতিক শুমারি ২০২৩ সংক্রান্ত কার্যক্রম স্থায়ী শুমারি/জরিপ কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। স্থায়ী শুমারি/জরিপ কমিটি সদস্য (সকল)<br>২। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| ২৭। পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান, মাঠ পর্যায়ে ঋণ প্রদান ও আদায় কার্যক্রম চলমান আছে। | ঋণ প্রদান ও আদায় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২৪। বিবিধ আলোচনা-১ | সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাসভবনটি দীর্ঘদিন থেকে মেরামত না করায় বসবাসের অনুপোযোগী হয়ে পড়েছে। মেরামত করা অত্যান্ত জরুরী। এর প্রেক্ষিতে উপজেলা প্রকৌশলী জানান সরেজমিন পরিদর্শন পূর্বক ২,০০,০০০/-(দুইলক্ষ) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পিআইসি প্রকল্পের মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে। উক্ত ব্যয় নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় অনুরোধ জানান। এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | এবিষয়ে বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিল হতে পিআইসি প্রকল্পের মাধ্যমে উক্ত ব্যয় নির্বাহের জন্য ২,০০,০০০/-(দুইলক্ষ) টাকা সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী |

| আলোচ্যসূচি/ প্রস্তাবকারী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২৮। বিবিধ আলোচনা-২ | সভায় চেয়ারম্যান, রায়গঞ্জ ইউনিয়ন, ভিতরবন্দ ইউনিয়ন, বল্লভেরখাস ইউনিয়ন, সন্তোষপুর ইউনিয়ন জানান, ১৪৩০ বাংলা সনের ইজারাকৃত হাটবাজারের উপর ১৫% অর্থ ও ১০% অর্থ দ্বারা কিছু উন্নয়নমূলক কাজ বাস্তবায়ন করার প্রয়োজন। এ প্রেক্ষিতে উপজেলা প্রকৌশলী জানান যে, সরেজমিন পরিদর্শন পূর্বক নিম্নোক্ত প্রকল্পসমূহের প্রকলন প্রস্তুত করা হয়েছে। (১) রায়গঞ্জ ইউনিয়নের রায়গঞ্জ হাট-বাজারের আঃ রহমানের দোকান হতে দুলালের দোকান পর্যন্ত এইচবিবি করণ। প্রাক্কলিত মূল্য= ১,৮৮,৫০০/- (১৫%), (২) রায়গঞ্জ ইউনিয়নের সোনাইর খামার হাট-বাজারের গোলঘর নির্মাণ করণ। প্রাক্কলিত মূল্য= ১,২৫,২০০/-(১০%), (৩) ভিতরবন্দ ইউনিয়নের ভিতরবন্দ বাজার চন্দনের বাড়ির পিছন হতে দক্ষিণে টোপাজ্জলের বাড়ি পর্যন্ত ক্যানেল সংস্কার ও স্লাব নির্মাণ করণ। প্রাক্কলিত মূল্য= ১,২৪,৯২৫/-(১৫%), (৪) ভিতরবন্দ বাজারের পুরাতন হাটসেডের টিনের চাল পরিবর্তন করণ। প্রাক্কলিত মূল্য= ৮৩,২৮৩/-(১০%), (৫) সন্তোষপুর ইউনিয়নে স্যানিটেশন ব্যবস্থা শতভাগ নিশ্চিত করণের লক্ষে বোর্ডের হাট-বাজারে একটি পাবলিক টয়লেট নির্মাণ করণ। প্রাক্কলিত মূল্য= ১,৩০,৩০৫/-(১৫%), (৬) সন্তোষপুর ইউনিয়নের জলাবদ্ধতা দূরীকরণের নিমিত্তে গাগলা বাজারে একটি সারফেস ড্রেন মেরামত করণ। প্রাক্কলিত মূল্য= ৮৬,৮৭০/-(১০%), (৭) বল্লভেরখাস ইউপির মাদারগঞ্জ হাট-বাজারের শাহিনুরের দোকার হতে নদীরপাড় পর্যন্ত ক্যানেল নির্মাণ করণ। প্রাক্কলিত মূল্য= ১,৬৬,৫০০/-(১৫%), (৮) বল্লভেরখাস ইউপির মমিনগঞ্জ হাট-বাজারের পুরাতন হাটসেড মেরামত করণ। প্রাক্কলিত মূল্য= ৬৫,২৫০/-(১৫%), (৯) বল্লভেরখাস ইউপির মাদারগঞ্জ হাট-বাজারের আশরাফের কাপড়ের দোকার হতে শাহিনুরের দোকান পর্যন্ত পানি নিষ্কাষনের জন্য ক্যানেল পূনঃ মেরামত করণ। প্রাক্কলিত মূল্য= ১,১১,০০০/-(১০%), (১০) বল্লভেরখাস ইউপির মমিনগঞ্জ হাট-বাজারের মৎস্য বাজারের মাটি ভরাট করণ। প্রাক্কলিত মূল্য= ৪৩,৫০০/-(১০%), প্রকল্প সমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় অনুরোধ জানান। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উক্ত প্রকল্পসমূহ বিধি মোতাবেক বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী |
| ২৮। বিবিধ আলোচনা-৩ | সভায় চেয়ারম্যান, ভিতরবন্দ ইউনিয়ন, কালীগঞ্জ ইউনিয়ন জানান, ১৪৩১ বাংলা সনের ইজারাকৃত ভিতরবন্দ হাটবাজারের উপর ১০% অর্থ ও ১৫% অর্থ দ্বারা কিছু উন্নয়নমূলক কাজ বাস্তবায়ন করার প্রয়োজন। এ প্রেক্ষিতে উপজেলা প্রকৌশলী জানান যে, সরেজমিন পরিদর্শন পূর্বক নিম্নোক্ত প্রকল্পসমূহের প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। (১) ভিতরবন্দ ইউনিয়নের ভিতরবন্দ বাজার মাঝিপাড়া হতে মসজিদের সামন হয়ে চাকলির বিলগামী ড্রেন সংস্কার করণ। প্রাক্কলিত মূল্য= ১,৬৫,০০০/- (১০%), (২) ভিতরবন্দ বাজারের কসাইখানা নির্মাণ করণ। প্রাক্কলিত মূল্য= ২,৪৭,৫৮৮/- (১৫%), (৩) কালীগঞ্জ ইউপির কালীগঞ্জ পশ্চিম বাজার পানি নিষ্কাষনের জন্য ড্রেন মেরামত করণ। প্রাক্কলিত মূল্য= ৮২,৬৬৭/- (১৫%), (৪) কালীগঞ্জ ইউপির কালীগঞ্জ পশ্চিম বাজার ধান হাটির ওয়াস আউটকৃত মাঠ ভরাট করণ। প্রাক্কলিত মূল্য= ৫৫,১১১/- (১০%), প্রকল্প সমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় অনুরোধ জানান। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উক্ত প্রকল্পসমূহ বিধি মোতাবেক বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী |

| আলোচ্যসূচি/ প্রস্তাবকারী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২৪। বিবিধ আলোচনা-৪ | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদের গেজেটেড কোয়ার্টারের সোকওয়াল , সেফটিট্যাংক দীর্ঘদিন থেকে মেরামত না করায় ব্যবহারের অনুপোযোগী হয়ে পড়েছে। এর ফলে উপজেলা পরিষদের অভ্যন্তরের পরিবেশ নষ্ট হচ্ছে। জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদের গেজেটেডে কোয়ার্টারের সোকওয়াল ও সেফটিট্যাংক নির্মাণ করা প্রয়োজন। এর প্রেক্ষিতে সরেজমিন পরিদর্শন পূর্বক ২,০০,০০০/-(দুইলক্ষ) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পিআইসি প্রকল্পের মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে। উক্ত ব্যয় নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় অনুরোধ জানান। এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | এবিষয়ে বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিল হতে পিআইসি প্রকল্পের মাধ্যমে উক্ত ব্যয় নির্বাহের জন্য ২,০০,০০০/- (দুইলক্ষ) টাকা সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী |
| ২৪। বিবিধ আলোচনা-৫ | সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, উপজেলা পরিষদের নন-গেজেটেড কোয়ার্টারের একটি ইউনিট এবং যুব উন্নয়ন অফিস মেরামত করা প্রয়োজন। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী জানান, সরেজমিন পরিদর্শন পূর্বক ১,০০,০০০/-(একলক্ষ) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পিআইসি প্রকল্পের মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে। উক্ত ব্যয় নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় অনুরোধ জানান। এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | এবিষয়ে বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিল হতে পিআইসি প্রকল্পের মাধ্যমে উক্ত ব্যয় নির্বাহের জন্য ১,০০,০০০/- (একলক্ষ) টাকা সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী |
| ২৪। বিবিধ আলোচনা-৬ | সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, দীর্ঘদিন হতে উপজেলা পরিষদের অভ্যন্তরের ঝোপঝাড়/জঙ্গল পরিষ্কার পরিচ্ছন্ন না করায় সাপ ও পোকামাকড়ের উপদ্রব বৃদ্ধি পেয়েছে। এ প্রেক্ষিতে উপজেলা পরিষদের অভ্যন্তর পরিষ্কার পরিচ্ছন্ন করার জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার প্রকল্প বাস্তবায়ন করা যেতে পারে। এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | এবিষয়ে বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিল হতে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয়ের সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী |
| ২৪। বিবিধ আলোচনা-৭ | **চেয়ারম্যান, নেওয়াশী ইউপি** জানান যে, নেওয়াশী ইউনিয়নের মধ্য গোবর্দ্ধনকুটি সরকারি প্রাথমিক বিদ্যালয় গামী রাস্তাটি অতিবৃষ্টিতে ভেঙ্গে গেছে। এর ফলে কোমলমতি শিক্ষার্থীদের দূর্ভোগ পোহাতে হচ্ছে। রাস্তাটি মেরামত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় অনুরোধ জানান।<br>**চেয়ারম্যান, ভিতরবন্দ ইউপি** জানান যে, ভিতরবন্দ হাট-বাজারের পুরাতন ৪টি হাটসেড দীর্ঘদিন যাবত মেরামত না হওয়ায় সামান্য বৃষ্টিতে মালামাল ভিজে ক্ষতিগ্রস্ত হচ্ছে। হাটসেড ০৪টির টিনের চাল পরিবর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় অনুরোধ জানান।<br>**চেয়ারম্যান, কেদার ইউপি** জানান যে, সাম্প্রতিক বন্যায় রাস্তা ঘাটের বেহাল অবস্থা হয়েছে, এর ফলে জনসাধারনের দূর্ভোগের সৃষ্টি হয়েছে। দ্রুত মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় অনুরোধ জানান। এছাড়া বন্যায় কিছু বাড়িঘর ভেঙ্গে গেছে, প্রয়োজনীয় সহায়তা প্রদানের অনুরোধ জানান।<br>**চেয়ারম্যান কচাকাটা ইউপি** জানান যে, তার ইউনিয়নের ০৭নং ওয়ার্ড ভেটুরহাট গামী রাস্তা ভেঙ্গে গিয়ে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়েছে, এবং ইন্দ্রগড় সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠ নিচু হওয়ায় মাঠে পানি জমে থাকে এর ফলে শিক্ষার্থীদের চরম দূর্ভোগের সৃষ্টি হয়েছে। মাটিভরাটের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় অনুরোধ জানান। | বর্ণিত সকল বিষয়ে বিস্তারিত আলোচনান্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী<br>৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার<br>৫। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২৮। বিবিধ আলোচনা-৮ রাজস্ব তহবিল সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসার সভায় অবহিত করেন যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৫ অনুচ্ছেদ ৩(গ) অনুযায়ী প্রতি অর্থ বছরের ৩০ জুনের পর উপজেলা রাজস্ব তহবিলের অব্যয়িত অর্থ উপজেলা উন্নয়ন তহবিলে স্থানান্তর করার নির্দেশনা রয়েছে। এ বিষয়ে আলোচনাকালে তিনি জানান ২০২৩-২০২৪ অর্থ বছরের উপজেলা রাজস্ব তহবিলের অব্যয়িত অর্থের পরিমান ১,১৪,১৩,৭৮৯.১৪ (এক কোটি চৌদ্দ লক্ষ তের হাজার সাতশত উননব্বই টাকা চৌদ্দ পয়সা) টাকা। উক্ত অর্থ 'উপজেলা রাজস্ব তহবিল' হতে 'উপজেলা উন্নয়ন তহবিলে' স্থানান্তর করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | এ বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দের সর্বসম্মতিক্রমে ২০২৩-২০২৪ অর্থ বছরের উপজেলা রাজস্ব তহবিলের অব্যয়িত ১,১৪,১৩,৭৮৯.১৪ (এক কোটি চৌদ্দ লক্ষ তের হাজার সাতশত উননব্বই টাকা চৌদ্দ পয়সা) টাকা উপজেলা উন্নয়ন তহবিলে স্থানান্তরের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার |

| আলোচ্যসূচি/ প্রস্তাবকারী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২৮। বিবিধ আলোচনা-৯ রাজস্ব তহবিল সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসার সভায় অবহিত করেন যে, উপজেলা পরিষদের নিরাপত্তা জোরদার করার লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক আনছার সদস্য দিনহাজিরা ভিত্তিতে নিয়োজিত করা হয়েছে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ক্রমিক নং ৩(ম) অনুযায়ী উপজেলা পরিষদের নিরাপত্তা খাতে ব্যয়ের অনুমোদন রয়েছে। উক্ত রাজস্ব তহবিল খাত হতে উপজেলা পরিষদের নিরাপত্তায় নিয়োজিত আনছার সদস্যগণের দিনহাজিরা ভিত্তিতে মুজুরী প্রদান করা যেতে পারে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | এবিষয়ে বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিল হতে উপজেলা পরিষদের নিরাপত্তায় নিয়োজিত আনছার সদস্যগণের দিনহাজিরা ভিত্তিতে মুজুরী প্রদানের সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার |
| ২৮। বিবিধ আলোচনা-১০ রাজস্ব তহবিল সংক্রান্ত | চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান, উপজেলা পরিষদের চত্বরে অবস্থিত উপজেলা পরিষদ জামে মসজিদটি ঐতিহ্যবাহী মসজিদ। উক্ত মসজিদে উপজেলা পরিষদে আগত সেবা প্রত্যাশীসহ ধর্মপ্রাণ মুসল্লীগণ পাঁচওয়াক্ত নামাজ আদায় করেন। মসজিদে নিয়োগকৃত ইমাম, মুয়াজ্জিন ও খাদেম এর মাসিক বেতনসহ অন্যান্য ব্যয় বিভিন্ন অনুদানের মাধ্যমে নির্বাহ করা হয়ে থাকে। নির্ধারিত কোন আয়ের উৎস না থাকায় মাঝে মধ্যে ইমাম, মুয়াজ্জিন ও খাদেম এর মাসিক বেতনসহ অন্যান্য ব্যয় নির্বাহ করা সম্ভব হয় না। উক্ত সমস্যা নিরসনকল্পে উপজেলা পরিষদের মালিকানাধীন বিভিন্ন দোকানঘর ভাড়া বাবদ আদায়কৃত টাকা উপজেলা পরিষদ জামে মসজিদ তহবিলে প্রদানের বিষয়ে সকলের মতামত কামনা করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | এবিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের মালিকানাধীন বিভিন্ন দোকানঘর ভাড়া বাবদ আদায়কৃত টাকা উপজেলা পরিষদ জামে মসজিদের তহবিলে প্রদানে সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার |
| ২৮। বিবিধ আলোচনা-১১ | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটি ব্যবহার অনুপোযোগী হওয়ায়, ইতোপূর্বে পরিত্যাক্ত ঘোষনা করা আছে। বাসভবনটি নির্মাণের জন্য সয়েল টেষ্ট সম্পন্ন হয়েছে। সয়েল টেষ্ট রিপোর্টি থেকে প্রতীয়মান হয় যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের ফাউন্ডেশনটি ফুটিং ফাউন্ডেশন হবে। এর প্রেক্ষিতে সরেজমিন পরিদর্শন পূর্বক ১,৫৭,৩৩,৪৩৭/-(এক কোটি সাতান্ন লক্ষ তেত্রিশ হাজার চারশত সাইত্রিশ)টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। জরুরী ভিত্তিতে বাসভবন নির্মাণের প্রশাসনিক অনুমোদনসহ বরাদ্দ প্রদানের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগ বরাবর পত্র প্রেরণের জন্য সভায় অনুরোধ জানান। এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | এবিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন নির্মাণের লক্ষে ১,৫৭,৩৩,৪৩৭/-(এক কোটি সাতান্ন লক্ষ তেত্রিশ হাজার চারশত সাইত্রিশ)টাকার বরাদ্দ প্রদানসহ প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগ বরাবর পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী |
| ২৮। বিবিধ আলোচনা-১২ রাজস্ব তহবিল সংক্রান্ত | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদের চারদিকে কোন বাউন্ডারী ওয়াল না থাকায় উপজেলা পরিষদের নিরাপত্তা বিঘ্ন হচ্ছে। এছাড়া উপজেলা পরিষদের অভ্যন্তরের কিছু স্থানে দীর্ঘদিন যাবত বহিরাগত বসবাস করছে। উপজেলা পরিষদের নিরাপত্তার স্বার্থে অবৈধ স্থাপনা উচ্ছেদ করে জরুরী ভিত্তিতে বাউন্ডারী ওয়াল নির্মাণ করা প্রয়োজন। অবৈধ স্থাপনা উচ্ছেদ ব্যয়সহ বাউন্ডারী ওয়াল নির্মাণের লক্ষ্যে সরেজমিন পরিদর্শন পূর্বক ৭৪,৫৭,১৯৪/-(চুয়াত্তর লক্ষ সাতান্ন হাজার একশত চুরানব্বই) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে।<br>এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উক্ত ব্যয় নির্বাহ করা যেতে পারে। অবৈধ স্থাপনা উচ্ছেদসহ বাউন্ডারী ওয়াল নির্মাণের নিমিত্ত উপজেলা পরিষদ রাজস্ব খাত হতে ব্যয়ের প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগ বরাবর পত্র প্রেরণের জন্য সভায় অনুরোধ জানান। এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | এবিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের অভ্যন্তরের অবৈধ স্থাপনা উচ্ছেদ ব্যয়সহ বাউন্ডারী ওয়াল নির্মাণ বাবদ ৭৪,৫৭,১৯৪/-(চুয়াত্তর লক্ষ সাতান্ন হাজার একশত চুরানব্বই)টাকা উপজেলা পরিষদ রাজস্বখাত হতে ব্যয়ের প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগ বরাবর পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী |

| আলোচ্যসূচি/ প্রস্তাবকারী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২৮। বিবিধ আলোচনা-১৩ | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদের ডরমেটরি ভবনটি অনেক পুরাতন এবং দীর্ঘদিন যাবত সংস্কার না করায় বসবাসের অনুপোযোগী হয়ে পরেছে। ঝুঁকির্পূণ ভবনটি ধসে পড়ে যে কোন সময় দূর্ঘটনা ঘটতে পারে। অতিসত্ত্বর ডরমেটরি ভবনটি কনডেম ঘোষনা করে নিলামের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানান। এর প্রেক্ষিতে তিনি জানান সরেজমিন পরির্দশন পূর্বক ডরমেটরি ভবনটি নিলাম মূল্য নির্ধারিন বাবদ ২,৯৫,০০০/-(দুই লক্ষ পচানব্বই হাজার)টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | এবিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদে ডরমেটরি ভবনটি কনডেম ঘোষনা করে ২,৯৫,০০০/-(দুই লক্ষ পচানব্বই হাজার)টাকায় নিলামের প্রয়োজনীয় অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগ বরাবর পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী |
| ২৮। বিবিধ আলোচনা-১৪ রাজস্ব তহবিল সংক্রান্ত | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরের রাস্তাগুলো দীর্ঘদিন যাবত মেরামত না করায় বেহাল দশা হয়ে পড়েছে এবং অল্প বৃষ্টিতে চলাচলের অনুপোযোগী হয়ে পড়ে। এছাড়া উপজেলা পরিষদের অভ্যন্তরের রাস্তা, ননগেজেটেড-কোয়ার্টারসহ এর সামনের রাস্তা জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। এর প্রেক্ষিতে উপজেলা পরিষদের অভ্যন্তরের রাস্তা, ননগেজেটেড-কোয়ার্টার মেরামত এবং এর সামনের রাস্তা ইউনিব্লক দিয়ে মেরামত করার জন্য সরেজমিন পরির্দশন পূর্বক ৩০,০০,০০০/-(ত্রিশ লক্ষ)টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রশাসনিক অনুমোদনসহ বরাদ্দ প্রদানের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগ বরাবর পত্র প্রেরণের জন্য সভায় অনুরোধ জানান। এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | এবিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের অভ্যন্তরের রাস্তা, ননগেজেটেড-কোয়ার্টার মেরামত এবং এর সামনের রাস্তা ইউনিব্লক দিয়ে মেরামত করার জন্য ৩০,০০,০০০/-(ত্রিশ লক্ষ)টাকার বরাদ্দ প্রদানসহ প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগ বরাবর পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলেকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(কে এম মহিবুল হক খোকন)
সভাপতি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
নাগেশ্বরী, কুড়িগ্রাম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম
www.nageshwari.kurigram.gov.bd

স্মারক নং: ০৫.৪৭.৪৯৬১.০০০.০২.০৬৭.২৪- ৬৪৬ (৬০)

তারিখ: ১৬ শ্রাবণ ১৪৩১ / ৩১ জুলাই ২০২৪

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে):

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য-২৫, কুড়িগ্রাম-১ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
৪. জেলা প্রশাসক, কুড়িগ্রাম
৫. উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম
৬. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম
৭. চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম
৮. উপজেলা ........................................................................................অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম
৯. চেয়ারম্যান, ........................................................................................ইউপি (সকল), নাগেশ্বরী, কুড়িগ্রাম
১০. জনাব ........................................................................................ নাগেশ্বরী, কুড়িগ্রাম
১১. অফিস কপি

৩১/০৭/২৪
(সিব্বির আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম